গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি সেবা, ত্যাগ ও অগ্রগতি"

রাজবাড়ী সদর উপজেলার মার্চ/ ২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

তারিখ : ১৪/০৩/২০২২ খ্রি:।

সময় সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। জানুয়ারী/২০২২ ও ফেব্রুয়ারী/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : জানুয়ারী/২০২২ ও ফেব্রুয়ারী/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানি	চুরি	বিশেষ ক্ষমতা আইন	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার	মাদক মামলা	বিস্ফোরকমা মলা	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
ফেব্রুয়ারী/২০২২	-	-	১	৩	-	-	-	৫	-	২৪	-	-	১২	৪৫	
জানুয়ারী/২০২২	-	-	-	৪	১	-	-	৩	-	১৭	-	-	১৮	৪৩	
	-	-	-	হ্রাস	হ্রাস	-	-	বৃদ্ধি	-	বৃদ্ধি	-	-	হ্রাস	বৃদ্ধি	

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, জানুয়ারী/২০২২ চুরি- ০৪টি, বিশেষ ক্ষমতা আইন-১টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৩টি, মাদক মামলা -১৭টি ও অন্যান্য-১৭টি সহ মোট ৪৩ টি ও ফেব্রুয়ারী/২০২২ মাসে চুরি- ০৩টি, ডাকাতি ১টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৫টি, মাদক মামলা -২৪ টি ও অন্যান্য-১২টি সহ মোট ৪৫ টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা জানুয়ারী/২০২২ মাসের তুলনায় ফেব্রুয়ারী/২০২২ মাসে কিছুটা বৃদ্ধি পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো ।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ।

০৪. **জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা** : সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বলেন, বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা, জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানান। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানান হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী, সভাপতি, ইমাম কমিটি, রাজবাড়ী এবং রাজবাড়ী সদর উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৫. **মাদক বিরোধী অভিযান** : উপ পরিচালক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী এর কোন প্রতিনিধি সভাকে জানান যে, ফেব্রুয়ারী/২০২২ মাসে ৯৩টি অভিযান পরিচালনা করা হয়েছে। মামলা সংখ্যা-৩৩, আসামী ৪০ জন, উদ্ধারকৃত মাদক হেরোইন-১৩.০৫ গ্রাম, গাজা ২২ কেজি ৩১০ গ্রাম, ইয়াবা-১৭৫৫ পিচ, বিয়ার- ৬ ক্যান। মাদক নিয়ন্ত্রনের লক্ষ্যে অভিযান অব্যাহত আছে। সমাজ থেকে মাদক নিয়ন্ত্রন করতে হলে পরিবারিক সচেতনতা বৃদ্ধি করতে হবে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদক ক্রয়-বিক্রয় এর স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‌্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৬. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। অত:পর তিনি বলেন, মার্চ মাস বাঙ্গালীর জন্য একটি স্মরণীয় মাস। এ মাসের ১৭ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর জন্ম দিন। এ মাসে বাঙ্গালী স্বাধীনতা অর্জন করেন। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:ং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব মোস্তফা-আল-রাজিব, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, জাটকা আহরণ বন্ধের লক্ষ্যে ৪টি অভিযান পরিচালনা করা হয়েছে। ৪টি অভিযানে ৭০ কেজি জাটকা জব্দ করা হয়েছে। নদীর তীরবর্তী বাজারসহ অন্যান্য বাজারে অভিযান অব্যাহত আছে। নতুন বাজার থেকে অদ্য ৩ কেজি জাটকা জব্দ করা হয়েছে। চন্দনী, খানগঞ্জ, বরাট, দাদশী, পাচুরিয়া ইউনিয়ন ও পৌরসভা এলাকার নদীর তীরবর্তী মৎস্যজীবীদের মধ্যে আগামী ১৬ তারিখের মধ্যে চাউল বিতরণ শুরু হবে। অনেক এলাকায় নদীতে বাঁধ দেওয়া হয়েছিল। উক্ত বাঁধসমূহ মোবাইল কোর্ট ছাড়াই আলোচনার মাধ্যমে অপসারণ করা হয়েছে। তিনি বলেন, সকলকে একযোগে চেষ্টা করতে হবে যেন রাজবাড়ী সদরের কোথায়ও জাটকা পাওয়া না যায়। বাজারসমূহকে জাটকা মুক্ত বাজার হিসেবে সাইন বোর্ড টানানো হবে। জাতীয় সম্পদ ইলিশ বৃদ্ধির লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন।	জাটকা আহরণ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তথ্য দিয়ে সহযোগিতা করবেন।	উপজেলা প্রশাসন ও উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর।
৬.২	উপজেলা আনসার ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভাকে জানান যে, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বাল্য বিয়ে রোধের লক্ষ্যে আনসার ও ভিডিপি সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়েছে।	সরকার প্রদত্ত দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন।	আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর সদস্যদের নিয়মিত প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করবেন
৬.৩	জনাব নাছরিন আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় ১৩৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৭৪টি বিদ্যালয়ে নৈশ প্রহরী কর্মরত আছেন। প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে অনেক ইলেকট্রনিক যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণ আছে। সুলতানপুর বানিয়ারী স্কুলের ২০টি ফ্যান চুরি হয়েছে। সরকারী সম্পদ রক্ষার্থে স্কুল এলাকায় পুলিশ টহল বৃদ্ধি করা হলে চুরি হ্রাস পাবে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য তিনি আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।	বিদ্যালয়ের নৈশ প্রহরীদের দায়িত্ব যথাযথভাবে পালন ও নৈশ প্রহরী বিহীন বিদ্যালয়সমূহে নিরাপত্তার বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষকগন ব্যবস্থা নিবেন।	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৬.৪	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর এর প্রতিনিধি সভাকে জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় ৩,৯৯,৯৩১ জন কে করোনা টিকার ১ম ডোজ ও ১,৯৯,৯০০ জনকে ২য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। ১ম, ২য় ও ৩য় ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। রাজবাড়ী সদর উপজেলার কয়েকটি সাব সেন্টারে মেডিকেল অফিসার পদায়ন না থাকায় জেলা সদর হাসপাতাল থেকে সপ্তাহে ২/৩ দিন দায়িত্ব প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।	সাব সেন্টারসমূহে মেডিকেল অফিসার নিয়োগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর
৬.৫	জনাব মোঃ দেলোয়ার শেখ, চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ জানান যে, অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা এর সমন্বয়ে এলাকায় আইন-শৃঙ্খলা মিটিং করার পরে থেকে এলাকার চাঁদাবাজি বন্ধ হয়েছে। ইউনিয়নের ৮নং ওয়ার্ডের যোগাযোগ ব্যবস্থা ভালো না হওয়ায় এলাকার অপরাধ বৃদ্ধি পাচ্ছে। পুলিশ টহর জোরদার করা হলে আইন-শৃঙ্খলার নিয়ন্ত্রণে থাকবে।	নিয়মিত পুলিশ টহলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৬	জনাব মুহাম্মদ শরিফুর রহমান, চেয়ারম্যান, খানগঞ্জ ইউনিয়ন পরিষদ জানান যে, শহিদুর রহমান সোনা নামক জৈনক ব্যক্তি অবৈধভাবে রেলের জমি দখল করেছে। বর্তমানে রেলের জমিতে নির্মিত ঈদগাঁ এর জমি দখলের চেষ্টা করছে। এটা প্রতিরোধ করা না হলে এলাকার আইন-শৃঙ্খলার অবনতি হবে। তিনি আরো জানান যে, এলাকার চর অঞ্চলে মাদক বিক্রয় হচ্ছে। মাদক সেবক ও বিক্রয়কারী মটর সাইকেল যোগে চলাচল করেন। মাদক সেবক ও বিক্রয়কারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। পুলিশ টহর জোরদার করা হলে আইন-শৃঙ্খলার উন্নতি হবে।	নিয়মিত পুলিশ টহলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৭	জনাব কাজী সামসুদ্দিন, চেয়ারম্যান, বরাট ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকায় নিয়মিত পুলিশ টহল প্রদান করায় আইন-শৃঙ্খলা স্বাভাবিক আছে।	পুলিশ টহলের ধারা অব্যাহত রাখতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৮	জনাব মোঃ আব্দুর রব, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের দাদপুর উচ্চ বিদ্যালয় সংলগ্ন রাস্তায় ব্যক্তি উদ্দ্যোগে স্প্রীট ব্রেকার নির্মাণ করায় মটর সাইকেল দুর্ঘটনা হচ্ছে। জনস্বার্থে দ্রুত স্প্রীট ব্রেকার অপসারণ করা প্রয়োজন। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। পুলিশ টহলের ধারা অব্যাহত থাকলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকবে।	পুলিশ টহলের ধারা অব্যাহত রাখা হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

৬.৯	জনাব আবু বক্কর সিদ্দিক, চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ জানান যে, অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা এর সার্বিক সহযোগিতায় আইন-শৃঙ্খলা স্বাভাবিক আছে। বাজারের সার্বিক নিরাপত্তার লক্ষ্যে সিসি ক্যামেরা স্থাপনের কার্যক্রম নেয়া হয়েছে। এলাকায় আইন-শৃঙ্খলা বিষয়ে মত বিনিময় সভা করলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত থাকবে।	আইন-শৃঙ্খলা বিষয়ে মত বিনিময় সভা করা হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ
৬.১০	জনাব মোঃ মজিবুর রহমান, চেয়ারম্যান, পাঁচুরিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক আছে। পাঁচুরিয়া ঝুকিপূর্ণ এলাকা হওয়ায় পুলিশ বিট পয়েন্ট ছিল। বর্তমানে বিট পয়েন্ট বন্ধ আছে। বিট পয়েন্ট চালুকরা হলে এলাকার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকবে।	বিট পয়েন্ট চালু করা হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১১	জনাব মোছাম্মৎ শেফালী আক্তার, চেয়ারম্যান, বানিবহ ইউনিয়ন পরিষদ জানান যে, সন্ধ্যার পরে হেলমেট পরিহিত অনেক মটর সাইকেল চলাচল করে। রাতে মটর সাইকেল চলাচলের কারণে এলাকার মানুষ নিরাপত্তাহিনতার মধ্যে আছে। এলাকায় পুলিশ টহর জোরদার করা হলে এলাকার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত থাকবে।	পুলিশ টহলের ধারা অব্যাহত রাখতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১২	জনাব মোঃ টুকু মিজি, চেয়ারম্যান, মিজানপুর ইউনিয়ন পরিষদ, জানান যে, মাটি কাটাকে কেন্দ্র করে এলাকা অশান্ত হচ্ছে। পূর্বে গঙ্গাপ্রসাদপুর রেলের পুকুর থেকে মাটি কাঁটাকে কেন্দ্র করে খুন হয়েছে। বর্তমানে রাতের অন্ধকারে বিকো মেশিন দিয়ে বেনিনগর ও মহাদেবপুর থেকে মাটি কাঁটা হচ্ছে। ট্রাকে অধিক পরিমানে মাটি পরিবহনের কারণে রাস্তা নষ্ট হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) মহোদয়ের প্রচেষ্টায় অনেক স্থানের মাটি কাটা বন্ধ হয়েছে। তিনি আরো জানান যে, পুলিশ টহল অব্যাহত থাকার কারণে মাদক নিয়ন্ত্রণে আছে।	মাটি কাঁটা বন্ধ ও পুলিশ টহলের ধারা অব্যাহত রাখতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১৩	জনাব মোঃ জাকির হোসেন সরদার, চেয়ারম্যান, বসন্তপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়ন মাদকের স্বর্গ রাজ্যে পরিণত হয়েছে। পূর্বে যারা মাদক বিক্রয় করতেন তারা জামিনে এসে পুনরায় মাদক বিক্রয় শুরু করেছে। ইউনিয়নের বাজিতপুর ও রাজাপুর এলাকায় মাদক এর প্রভাব বেশী। মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখা প্রয়োজন। ইউনিয়নে ৪টি বাজার আছে। বাজারসমূহে রাতে পাহাড়া প্রদান করা হলে এলাকার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখা সম্ভব হবে।	পুলিশ টহলের ধারা অব্যাহত রাখা ও বাজার কমিটি রাতে পাহাড়ার ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা, চেয়ারম্যান, বসন্তপুর ইউনিয়ন পরিষদ।
৬.১৪	জনাব ওহিদুজ্জামান শেখ, চেয়ারম্যান, মুলঘর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর জানান যে, পূর্বমূলঘর এলাকায় বৃষ্টি নামের একটি মেয়েকে আমার বন্ধুর ছেলে পান্নু এর সাথে বিয়ে হয়। বিয়ের পর থেকেই তাদের সংসারে পারিবারিক কলহ চলতে থাকে। কিছুদিন পূর্বে রাতে কে বা কারা মেয়েটির ঘরে প্রবেশ করে তার গলায় গুরুতর জখম করে। ঘটনার রাতে তাকে উদ্ধার করে উন্নত চিকিৎসার লক্ষ্যে ফরিদপুর মেডিকেল কলেজে প্রেরণ করি। চিকিৎসা শেষে বাড়ীতে আসলে এলাকার মানুষের উপস্থিতিতে জিজ্ঞাসা করলে বৃষ্টি জানায় সে কাওকে চিনতে পারে নাই। ঘটনার কিছুদিন পরে পাশের বাড়ির কিছু মানুষের নামে মামলা করেছেন। যাদের সাথে তাদের পূর্ব থেকেই পারিবারিক বিবাদ রয়েছে। এতে এলাকার সাধারণ মানুষ পুলিশ আতংকে আছেন। ঘটনাটি তদন্তপূর্বক নির্দোষ ব্যক্তি যেন হয়রানী না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানাকে অনুরোধ জানান।	নিরপরাধ ব্যক্তি হয়রানী না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১৫	জনাব একেএম ইকবাল হোসেন, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক। চুরি, ডাকাতি বন্ধ হয়েছে। মাদক সেবন বৃদ্ধি পেয়েছে। মাদক সেবক ও বিক্রয়কারীরা বেপরোয়া হয়ে পড়েছে। এটা রোধ করা না হলে যুব সমাজ ধ্বংস হয়ে যাবে। মাদক ও সন্ত্রাসমুক্ত সমাজ গঠনের লক্ষ্যে আইন যথাযথভাবে প্রয়োগ করা খুবই জরুরী।	মাদক ও সন্ত্রাসমুক্ত সমাজ গঠনে সচেতনতা বৃদ্ধি করতে হবে।	চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদসমূহে নিয়মিত মাদক ও সন্ত্রাস প্রতিরোধ কমিটির সভা করবেন।
৬.১৬	জনাব মোঃ নূর মোহাম্মদ ভূঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, এলাকার আইন-শৃঙ্খলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা রয়েছে। গ্রাম পুলিশ যথাযথভাবে দায়িত্ব পালন না করায় মাদকের প্রভাব বৃদ্ধিসহ আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে। গ্রাম পুলিশ থানায় সাপ্তাহিক হাজিরা প্রদান করেন। হাজিরার দিন মাদক সেবক, বিক্রয়কারী ও সন্ত্রাসের সাথে জড়িত ব্যক্তিদের তথ্য থানায় প্রদান করলে মাদক সেবক, বিক্রয়কারী ও সন্ত্রাসীদের চিহ্নিত করা সম্ভব হবে এবং আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকবে।	গ্রাম পুলিশদের মাধ্যমে মাদক সেবক, বিক্রয়কারী ও সন্ত্রাসের সাথে জড়িত ব্যক্তিদের তথ্য সংগ্রহ করা হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ
৬.১৭	বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় মুক্তিযুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধাভরে স্মরণ করে সভায় বক্তব্য প্রদান করেন। এ মাস জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ। ১৭ মার্চ জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিন, ২৫ মার্চ কালো রাত। এ রাতে পাক হানারা রাজারবাগ পুলিশ লাইন, ইপিআর, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ঢাকা শহরের বিভিন্ন স্থানে গণহত্যা চালায় ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও	২৬ মার্চ পতাকা বাহি মুক্তিযোদ্ধাদের চিকিৎসাসহ ঢাকনা বিহীন বালির ট্রাক চলাচলের বিষয়ে ব্যবস্থা নেয়া হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর ও অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।